নিশ্চয় পানি অপবিত্র হয় না।

আব্দুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কোনো এক স্ত্রী বড় একটি পাত্রের পানি দ্বারা গোসল করছিলেন। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সেখানে অযু অথবা গোসল করার জন্য আগমন করলেন । তখন তিনি (পত্নী) বললেন, আল্লাহর রাসূল! আমি বড় ধরনের অপবিত্রতায় ছিলাম। উত্তরে রাসূল্লুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, “নিশ্চয় পানি অপবিত্র হয় না (পাত্রে অবশিষ্ট পানির ব্যাপারে বলেছেন)।”
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

একবার নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের কোনো একজন স্ত্রী পাত্রের পানি দ্বারা অপবিত্রতা থেকে পবিত্র হতে গোসল করছিলেন। এমতাবস্থায় নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সেখানে অযু অথবা গোসল করার জন্য আগমন করলেন । ফলে তিনি তাঁর স্ত্রীর গোসলের অবশিষ্ট পানি ব্যবহার করতে চাইলে তিনি (পত্নী) তাঁকে অবহিত করলেন যে, তিনি জানাবাত জনিত অপবিত্র ছিলেন এবং উক্ত পানি দ্বারা গোসল করেছেন। তখন রাসূল্লুল্লাহ্ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে জানালেন যে, অপবিত্রতার গোসল পানিতে কোনো প্রভাব ফেলে নি। অবশিষ্ট পানি পবিত্র ও পবিত্রকারী।

http://sunnah.global/hadeeth/bn/show/8360